কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২১.৩০

তারিখ : ০৭ পৌষ ১৪৩২ / ২১ জানুয়ারি ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ কন্দ উৎপাদনের লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং - ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.১২১(৪), তারিখ: ০৮-০১-২০২৬ খ্রি.
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২১.২৯, তারিখ: ৩০-১০-২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে প্রণোদনা কর্মসূচির আওতায় খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদ বৃদ্ধির লক্ষ্যে কন্দ (বীজ কন্দ) আবাদ বৃদ্ধির নিমিত্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ, সার, বালাইনাশক, প্রশিক্ষণ ও অন্যান্য উপকরণ সহায়তা বাবদ ২৮৮.৬২০ লক্ষ (দুই কোটি আটাশি লক্ষ বাষট্টি হাজার) টাকা; ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ ও প্রশিক্ষণের ব্যয় বিবরণী; ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন এবং ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ ও প্রশিক্ষণের ব্যয় বিবরণী:

(i) কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ

| ক্রমিক নং | উপকরণ/খাত | | জন প্রতি/বিঘাপ্রতি উপকরণ সহায়তা (কেজি) | একক মূল্য (টাকা) | জন প্রতি/বিঘাপ্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | বীজ | | ১.০০ | ২২০০.০০ | ২২০০.০০ |
| ২ | সার | ইউরিয়া | ২৫ | ২৫ | ৬২৫ |
| | | ডিএপি | ২৫ | ১৯ | ৪৭৫ |
| | | এমওপি | ২৫ | ১৮ | ৪৫০ |
| | | জিপসাম | ২৫ | ৩০ | ৭৫০ |
| | | জিঙ্ক | ১ | ২৫০ | ২৫০ |
| | | বোরন | ১ | ৩০০ | ৩০০ |
| | | জৈব সার (ভারমিকম্পস্ট) | ২০০ | ১৫ | ৩০০০ |
| | | বালাইনাশক (কীটনাশক, ছত্রাকনাশক) | থোক (৭ কেজি) | থোক | ৩০০০ |
| | | **উপমোট** | **৩১০.০০ (কেজি)** | | |
| | | সাইন বোর্ড | | | ৫০০ |
| ৪ | পরিবহন ব্যয় | | | ১.৫০ কেজি প্রতি | ৪৬৫ |
| ৫ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | | | ১.০০ কেজি প্রতি | ৩১০.০০ |
| | **মোট** | | | | **১২৩২৫.০০** |

(ii) প্রশিক্ষণের ব্যয় বিবরণী:

| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা | প্রশিক্ষণ ভাতা/ একক মূল্য | আর্থিক সহায়তা (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | কৃষক | ২৫ | ৫০০ | ১২৫০০ |
| ২ | এসএএও | ৫ | ৮০০ | ৪০০০ |
| ৩ | রিসোস পারসোন | ৫ | ২৫০০ | ১২৫০০ |
| ৪ | সহায়তাকারী | ২ | ৪০০ | ৮০০ |
| ৫ | নাস্তা | ৪৫ | ৮০ | ৩৬০০ |
| ৬ | দুপুরের খাবার | ৪৫ | ৩৫০ | ১৫৭৫০ |
| ৭ | ব্যানার | ১ | ১০০০ | ১০০০ |
| ৮ | প্রশিক্ষণ উপকরণ | ৩০ | ৫০ | ১৫০০ |
| ৯ | থোক | ০ | ০ | ১০০০ |
| | **মোট** | | | **৫২৬৫০** |

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

| ক্রমিক নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্য মাত্রা (জন) | উপকরণের পরিমাণ (মেঃ টন) | | | | | | | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | | | | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | ‘৩২৫১১০৯-বীজ ও চারা’ | ‘৩২৫১১০৫-সার’ | | | | | | | | | ‘৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান’ | | | | | | |
| | | | বীজ | ডিএপি | এমওপি | ইউরিয়া | জিপসাম | জিঙ্ক | বোরন | জৈব সার | বালাই নাশক | সাইন বোর্ড | বীজ | ডিএপি | এমওপি | ইউরিয়া | জিপসাম | জিঙ্ক | বোরন | জৈব সার | মোট সার | সাইন বোর্ড | বালাই নাশক বাবদ ব্যয় | প্রশিক্ষণ বাবদ ব্যয় | পরিবহণ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | মানিকগঞ্জ | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ২ | রাজশাহী | ৩০০ | ০.৩০ | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ | ০.৩০ | ০.৩০ | ৬০.০০ | ২.১০ | ৩০০.০০ | ৬.৬০ | ১.৪২৫ | ১.৩৫০ | ১.৮৭৫ | ২.২৫০ | ০.৭৫০ | ০.৯০০ | ৯.০০০ | ১৭.৫৫০ | ১.৫০ | ৯.০০ | ৬.৩১৮ | ১.৩৯৫ | ০.৯৩০ | ১৯.১৪৩ | ৪৩.২৯৩ |
| ৩ | নাটোর | ১০০ | ০.১০ | ২.৫০ | ২.৫০ | ২.৫০ | ২.৫০ | ০.১০ | ০.১০ | ২০.০০ | ০.৭০ | ১০০.০০ | ২.২০ | ০.৪৭৫ | ০.৪৫০ | ০.৬২৫ | ০.৭৫০ | ০.২৫০ | ০.৩০০ | ৩.০০০ | ৫.৮৫০ | ০.৫০ | ৩.০০ | ২.১০৬ | ০.৪৬৫ | ০.৩১০ | ৬.৩৮১ | ১৪.৪৩১ |
| ৪ | চাঁপাইনবাবগঞ্জ | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ৫ | বগুড়া | ১০০ | ০.১০ | ২.৫০ | ২.৫০ | ২.৫০ | ২.৫০ | ০.১০ | ০.১০ | ২০.০০ | ০.৭০ | ১০০.০০ | ২.২০ | ০.৪৭৫ | ০.৪৫০ | ০.৬২৫ | ০.৭৫০ | ০.২৫০ | ০.৩০০ | ৩.০০০ | ৫.৮৫০ | ০.৫০ | ৩.০০ | ২.১০৬ | ০.৪৬৫ | ০.৩১০ | ৬.৩৮১ | ১৪.৪৩১ |
| ৬ | পাবনা | ২৫০ | ০.২৫ | ৬.২৫ | ৬.২৫ | ৬.২৫ | ৬.২৫ | ০.২৫ | ০.২৫ | ৫০.০০ | ১.৭৫ | ২৫০.০০ | ৫.৫০ | ১.১৮৮ | ১.১২৫ | ১.৫৬৩ | ১.৮৭৫ | ০.৬২৫ | ০.৭৫০ | ৭.৫০০ | ১৪.৬২৫ | ১.২৫ | ৭.৫০ | ৫.২৬৫ | ১.১৬৩ | ০.৭৭৫ | ১৫.৯৫৩ | ৩৬.০৭৮ |
| ৭ | দিনাজপুর | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ৮ | ঠাকুরগাঁও | ২৫০ | ০.২৫ | ৬.২৫ | ৬.২৫ | ৬.২৫ | ৬.২৫ | ০.২৫ | ০.২৫ | ৫০.০০ | ১.৭৫ | ২৫০.০০ | ৫.৫০ | ১.১৮৮ | ১.১২৫ | ১.৫৬৩ | ১.৮৭৫ | ০.৬২৫ | ০.৭৫০ | ৭.৫০০ | ১৪.৬২৫ | ১.২৫ | ৭.৫০ | ৫.২৬৫ | ১.১৬৩ | ০.৭৭৫ | ১৫.৯৫৩ | ৩৬.০৭৮ |
| ৯ | পঞ্চগড় | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ১০ | যশোর | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ১১ | ঝিনাইদহ | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ১২ | মাগুড়া | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ১৩ | কুষ্টিয়া | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ১৪ | চুয়াডাঙ্গা | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ১৫ | মেহেরপুর | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ১৬ | ফরিদপুর | ৩০০ | ০.৩০ | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ | ০.৩০ | ০.৩০ | ৬০.০০ | ২.১০ | ৩০০.০০ | ৬.৬০ | ১.৪২৫ | ১.৩৫০ | ১.৮৭৫ | ২.২৫০ | ০.৭৫০ | ০.৯০০ | ৯.০০০ | ১৭.৫৫০ | ১.৫০ | ৯.০০ | ৬.৩১৮ | ১.৩৯৫ | ০.৯৩০ | ১৯.১৪৩ | ৪৩.২৯৩ |
| ১৭ | মাদারিপুর | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ১৮ | গোপালগঞ্জ | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ১৯ | রাজবাড়ী | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| ২০ | শরিয়তপুর | ৫০ | ০.০৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ | ০.০৫ | ০.০৫ | ১০.০০ | ০.৩৫ | ৫০.০০ | ১.১০ | ০.২৩৮ | ০.২২৫ | ০.৩১৩ | ০.৩৭৫ | ০.১২৫ | ০.১৫০ | ১.৫০০ | ২.৯২৫ | ০.২৫ | ১.৫০ | ১.০৫৩ | ০.২৩৩ | ০.১৫৫ | ৩.১৯১ | ৭.২১৬ |
| মোট | | ২০০০ | ২.০০ | ৫০.০ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ২.০০ | ২.০০ | ৪০০.০০ | ১৪.০০ | ২০০০.০০ | ৪৪.০০ | ৯.৫০০ | ৯.০০০ | ১২.৫০ | ১৫.০০০ | ৫.০০০ | ৬.০০০ | ৬০.০০ | ১১৭.০০ | ১০.০০ | ৬০.০০ | ৪২.১২ | ৯.৩০০ | ৬.২০০ | ১২৭.৬২ | ২৮৮.৬২ |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০২৫ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে কন্দ (বীজ কন্দ) চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী ইউনিয়নভিত্তিক বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক (প্রয়োজনে মাঝারি কৃষক) নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে সরকারি আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৩. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail-admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৫. পরিবহন খাতের অর্থ জেলা সদর হতে উপজেলার দূরত্ব অনুসারে ও বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজনপূর্বক উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করবেন;

৬. অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে পেঁয়াজ বীজ কন্দ চাষে ১ বিঘা জমির জন্য প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে;

৭. পেঁয়াজ বীজ উৎপাদনে আগ্রহী, অভিজ্ঞ এবং আবাদি জমি আছে এমন কৃষকগণই প্রণোদনা সহায়তা পাবেন। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পেঁয়াজ কন্দ (বীজ কন্দ) চাষের জন্য ১ কেজি পেঁয়াজ বীজ, ২৫ কেজি ইউরিয়া, ২৫ কেজি ডিএপি সার ও ২৫ কেজি এমওপি,২৫ কেজি জিপসাম,১ কেজি জিংক, ১ কেজি বোরন, ২০০ কেজি জৈব সার (ভারমিকম্পস্ট) সহায়তা পাবেন; এছাড়া ১ বিঘা জমিতে বালাইনাশক (কীটনাশক, ছত্রাকনাশক) বাবদ ৩০০০ (তিন হাজার) ও সাইন বোর্ড বাবদ ৫০০ টাকা উপজেলা কৃষি অফিসার কর্তৃক প্রত্যেক কৃষকের মাঝে মাস্টাররোলের মাধ্যমে বিতরণপূর্বক তা সংরক্ষণ করতে হবে;

৮. এ কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে পেঁয়াজ কন্দ (কন্দ বীজ) উৎপাদনের জন্য ২০০০ জন কৃষককে মোট ৮০ ব্যাচে (প্রতি ব্যাচে ২৫ জন কৃষক ও ৫ জন উপসহকারী কৃষি অফিসার) পেঁয়াজ কন্দ উৎপাদন ও সংরক্ষণ বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে;

৯. **বারি পেঁয়াজ-৫/এন-৫৩ বিদেশী জাতের পেঁয়াজ বীজ হওয়ায় গুণগতমান নিশ্চিতকরণ; অঙ্কুরোদগম ক্ষমতা, পেঁয়াজের বাল্ব উৎপাদনের পর তা গ্রীষ্ম মৌসুমে কৃষি জমিতে চাষাবাদ পর্যন্ত সংরক্ষণ, কৃষক প্রশিক্ষণ ও অভিজ্ঞতা এবং প্রস্তাবিত পদ্ধতিতে বাংলাদেশে গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষাবাদে সম্ভাব্য ঝুঁকির (আর্থিক ক্ষতির) বিষয়টি যথাযথভাবে বিবেচনাক্রমে কর্মসূচি বাস্তবায়ন করতে হবে;**

১০. **লক্ষমাত্রা অনুযায়ী বারি পেঁয়াজ-৫/এন-৫৩ জাতের পেঁয়াজ বীজের উৎপাদন কার্যক্রম যথাযথভাবে মনিটরিংপূর্বক সময় সময় প্রতিবেদন প্রেরণ করতে হবে;**

১১. প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে (মন্ত্রণালয়/অধিদপ্তর/সংশ্লিষ্ট দপ্তর) এ বিষয়ে অবহিত করতে হবে;

১২. প্রতি পাঁচ (০৫) জন কৃষকের জন্য এক(০১) জন উপসহকারী কৃষি অফিসার সহায়তাকারী হিসেবে কাজ করবেন। প্রতি ব্লকে এক (০১) জন উপসহকারী কৃষি অফিসারের তত্ত্বাবধানে পাঁচ (০৫) জন কৃষক প্রণোদনা প্রদর্শনী ক্লাস্টার আকারে বাস্তবায়ন করবে। পেঁয়াজ বীজ কন্দ উৎপাদনের পর তা সংগ্রহপূর্বক যথাযথ প্রক্রিয়ায় সংরক্ষণ করতে হবে। যে সকল কৃষক কন্দ উৎপাদন করবেন(প্রণোদনা প্রাপ্ত কৃষক) সে সকল কৃষক আগামী নভেম্বর মাসে এই প্রণোদনায় উৎপাদিত কন্দ থেকে পেঁয়াজ বীজ উৎপাদন করবেন। পরবর্তীতে বীজ উৎপাদনকারী কৃষকগণকে বীজ উৎপাদনের জন্য সার,বীজ,প্রশিক্ষণসহ অন্যান্য খাতে প্রণোদনা প্রদান করা হবে;

১৩. স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল বারি পেঁয়াজ-৫/এন-৫৩ জাতের বীজ বিএডিসি/বারি/স্থানীয় কৃষক বীজ উদ্যোক্তা/যেকোন প্রতিষ্ঠিত বীজ ব্যবসায়ী হতে জেলা/ উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত মূল্যে সংগ্রহ করতে হবে;

১৪. পেঁয়াজ বীজের গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে, বীজ প্রাপ্তির উৎস সম্পর্কিত তথ্যাদি, যেমন:- উৎপাদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বৈধ লাইসেন্স গ্রহণ; যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মনিটরিং ও ফাইটো স্যানিটারি (পিসি) সার্টিফিকেট গ্রহণ; উৎপাদন, সংরক্ষণ ও বিপণনের তথ্যাদি এবং বীজ আমদানির ক্ষেত্রে আমদানিকারক কর্তৃক বীজ আমদানির বৈধ লাইসেন্স, অভিজ্ঞতার সনদ, পণ্যের বিবরণসহ এলসির (LC) কপি ও আমদানি সংক্রান্ত শর্তাবলি পরিপালনসহ প্রয়োজনীয় তথ্যাদি সংরক্ষণ নিশ্চিত করতে হবে;

১৫.এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজের অঙ্কুরোদগম ক্ষমতা (সর্বনিম্ন ৬৫%), বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১৬. কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে;

১৭.উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ২০ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৮. কর্মসূচির ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইল যোগে** admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১৯.কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **ই-মেইল যোগে** (ddmonitoring@yahoo.com) প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ২০টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। ২০২৫-২৬ অর্থবছরের প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে;

২০. **সার, বীজ ও আনুষঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণ সংক্রান্ত সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে; এবং**

২১.**এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।**

২২. **প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের** (E-mail- **admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম :

উপজেলার নাম :

ইউনিয়ন/ পৌরসভার নাম :

গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং :

| কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ, সার ও কীটনাশক সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ-<br>কীটনাশকের নাম-<br>কীটনাশকের পরিমাণ- | |

০২/১২

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

জেলা প্রশাসক ও সভাপতি,
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২০ জেলা)।

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২১.৩০

তারিখ : ০৭ পৌষ ১৪৩২ / ২১ জানুয়ারি ২০২৬

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৮. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি)।
১৩. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪ জেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)** ।
১৮. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
২০. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২১/০১/২৬

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব